

জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প
জয়িতা ফাউন্ডেশন, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
কনকর্ড রয়্যাল কোর্ট (৬ষ্ঠ তলা), ২৭৫/জি,
রোড নং-২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।



স্মারক নং: জঃ ফাঃ/সঃ বিঃ প্রঃ/প্রশিক্ষণ/৩৪/২০১৯- ১৮৮

তারিখ: ২৮/০৯/২০২০ খ্রি.

বিষয় : জয়িতা ফাউন্ডেশন ও ইহার আওতাধীন ২টি প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের 'গুড গভর্ন্যান্স' বিষয়ে দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা।

জয়িতা ফাউন্ডেশন এবং জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প ও জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের (সহকারী ব্যবস্থাপক, মহিলা বিষয়ক কর্মকর্তা, কমন সার্ভিসেস অফিসার, একাউন্ট্যান্ট, প্রকিউরমেন্ট এসিস্ট্যান্ট, কম্পিউটার অপারেটর ও ইহার সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী) জন্য 'গুড গভর্ন্যান্স' বিষয়ে দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আগামী ৩০/০৯/২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত জয়িতা ফাউন্ডেশনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

২। প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান প্রধান অতিথি এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সচিব মহোদয়ের রুটিন দায়িত্বে) জনাব ফরিদা পারভীন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) জনাব মোঃ শহীদুল ইসলাম উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

৩। জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আব্দুর রউফ সকাল ১১.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত এবং জয়িতা ফাউন্ডেশনের পরিচালক-১ (উপ-সচিব) জনাব মাসুদা খাতুন বিকাল ২.৩০ ঘটিকা হতে ৪.৩০ ঘটিকা পর্যন্ত 'গুড গভর্ন্যান্স' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন।

৪। প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি ও রিসোর্স পার্সনগণ জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরের কর্মশালা/প্রশিক্ষণ সম্পর্কিত বরাদ্দ হতে সম্মানী ও খাবার ভাতা প্রাপ্য হবেন।

২৮/০৯/২০২০

মোঃ আব্দুর রউফ

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৫৮১৫৪৩৬৯

মোবাঃ ০১৫৫২-৪২৫৭৬০

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সচিব মহোদয়ের রুটিন দায়িত্বে) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প।
৩. পরিচালক-১, জয়িতা ফাউন্ডেশন।
৪. সহকারী ব্যবস্থাপক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সংযুক্ত জয়িতা ফাউন্ডেশন (সকল)।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, জয়িতা বিপণন কেন্দ্র, জয়িতা ফাউন্ডেশন।
৬. কমন সার্ভিসেস অফিসার (সকল) জয়িতা ফাউন্ডেশন।
৭. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন এর ব্যক্তিগত সহকারী।
৮. একাউন্ট্যান্ট, প্রকিউরমেন্ট এসিস্ট্যান্ট, কম্পিউটার অপারেটর-জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প ও জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প।
৯. অফিস কপি।